# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 08 April, 2025

গাজা ও রাফায় ইসরায়েলের বর্বর গণহত্যার বিরুদ্ধে প্রতিবাদ এবং ফিলিস্তিনি জনগণের প্রতি সংহতি জানিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শাখা জাতীয়তাবাদী ছাত্রদলের নেতাকর্মীরা মুখে কালো কাপড় বেঁধে '□□□□ □□□□□□□□ □□ □□□□' শীর্ষক কর্মসূচি পালন করেছে।

সোমবার (৮ এপ্রিল) সকাল ১০টা ৩০ মিনিটে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এতে উপস্থিত ছিলেন বাকৃবি শাখা ছাত্রদলের আহ্বায়ক মো. আতিকুর রহমান, সদস্য সচিব মো. শফিকুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক এ এম শোয়াইব, সদস্য মিজানুর রহমান ও ইসমাইল হোসেন হৃদয়সহ শতাধিক নেতাকর্মী।

কর্মসূচিতে বিএনপি সমর্থিত শিক্ষকদের সংগঠন 'সোনালী দল'-এর পক্ষে অংশ নেন এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বদিউজ্জামান খান।

এ সময় শাখা ছাত্রদলের আহ্বায়ক মো. আতিকুর রহমান বলেন, "মুসলমানদের অন্যতম গুরুত্বপূর্ণ স্থান, যে স্থান থেকে মহানবী সাঃ মিরাজে গিয়েছিলেন মসজিদুল আল-আকসা, গাজা এবং রাফাতে ইসরাইলের বর্বরোচিত যে হামলা হয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রদল এই হামলার তীব্র নিন্দা জ্ঞাপন করছে।শুধু এই হামলা নয় বিশ্বের যে কোন স্থানে মুসলিমদের উপর হামলা ও নির্যাতনের বিপক্ষে এবং মজলুমদের পক্ষে ছাত্রদল বাকৃবি শাখার অবস্থান সুস্পষ্ট।'

তাছাড়া বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ইন্টার্নশিপ প্রোগ্রামে পানীয় হিসেবে কোকাকোলা দেওয়ার সমালোচনা করে তিনি বলেন, "আপনারা লক্ষ্য করেছেন গতকাল যখন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা নির্যাতিত ফিলিস্তিনদের পক্ষে এবং দাজ্জাল ইসরাইল নামীয় সশস্ত্র জঙ্গি গোষ্ঠীর বিপক্ষে অবস্থা নিয়ে প্রতিবাদ কর্মসূচি পালন করছে ঠিক সেই সময়ে বাকৃবি শিক্ষার্থীদের আবেদন ও আহ্বানের প্রতি অশ্রদ্ধা জ্ঞাপন করে বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ইন্টার্নশিপ ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশ্ববিদ্যালয় প্রশাসন নির্দ্বিধায় কোকাকোলা পানীয় বিতরণ করেছে ।
আমি ও আমার সংগঠনের পক্ষ থেকে এর তীব্র নিন্দা জানাই এবং ভবিষ্যতে এসব বিষয়ে আরও সতর্কতা ও সংবেদনশীলতা নিয়ে কাজ করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে আহবান জানাচ্ছি।'

তিনি আরো বলেন, "সেই সাথে বর্তমান সরকারের সাথে ইসরাইল সরকারের ইকোনমিক ডুপ্লিমেসি কেমন হবে, রাজনৈতিক পলিসি কেমন হবে, বৈশ্বিক কূটনীতির উপর ভিত্তি করে ইসরাইলের সাথে তাদের রাজনৈতিক সম্পর্ক কি তা অতি দ্রুত সময়ে লিখিত আকারে প্রকাশ করার দাবি জানাচ্ছি।'

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:56

URL: https://www.timestodaybd.com/campus/509775807